



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ফেব্রুয়ারী, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মশিউর রহমান মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
সভার তারিখ	২০/০২/২০২২ খ্রিঃ রোজ রবিবার
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।
উপস্থিতি	অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দৃষ্টব্য)।


উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জানুয়ারী, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃষ্টিকরণ	সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সর্বসম্মতি চাওয়া হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় গত ১৭/০১/২০২২ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	অধিদপ্তরের সকল কর্মকর্তা
০২	মহান একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উৎযাপন।	টেলিযোগাযোগ অধিদপ্তরে যথাযোগ্য মর্যাদায় মহান একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উৎযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচী পালন করবে- ক) টেলিযোগাযোগ অধিদপ্তরে জাতীয় পতাকা উত্তোলন এবং অর্ধনমিতকরণ। খ) মগবাজার বিটিসিএল আইডিয়াল স্কুলের শহিদ মিনারে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সহিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে অধিদপ্তরের সীমিত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। গ) ডাক অধিদপ্তরে অনুষ্ঠিতব্য দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভায় অধিদপ্তরের ৪র্থ ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ অংশ গ্রহণ করবেন।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

০৩	সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম	<p>ক) সিটিডিআর সেন্টারের “Supply, Installation, Testing and Commissioning of Equipment for Capacity Enhancement and System Augmentation of Cyber Threat Detection and Response System” কাজের আহ্বানকৃত দরপত্রের মূল্যায়ন প্রক্রিয়া শেষ করে প্রতিবেদন ও ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য দূত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) CTDR Phase-2 প্রকল্পের প্রস্তাবনা প্লানিং কমিশনের অনুমোদন পাওয়া গেলে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>গ) সিটিডিআর সেন্টারের অগ্নি নির্বাপক ব্যবস্থার বার্ষিক রক্ষণাবেক্ষন চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>ঘ) সিটিডিআর সেন্টারের দিবা ও রাত্রিকালীন নিরপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণে আগামী অর্থ বছরে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগের বিষয়ে প্রস্তাবনা প্রেরণ করতে হবে।</p> <p>ঙ) সিটিডিআর সেন্টারের দৈনন্দিন রক্ষণাবেক্ষন ও পরিচালনা সংক্রান্ত কাজের Standard Operating Procedure (SoP) মন্ত্রণালয়ে অনুমোদন পাওয়া গেলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>চ) CTDR centre-এর নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে NOC রুমের প্রবেশপথে তিনটি Access control system ও একটি মেটাল দরজা স্থাপন করায় সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</p> <p>ছ) BTCL হতে প্রাপ্ত Transmission Link এর মাধ্যমে সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেডের IIG কুয়াকাটা CTDR এর আওতায় আনার পদক্ষেপ গ্রহণ করায় সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</p> <p>জ) নতুন নতুন IIG/ PoP সমূহকে CTDR-এর আওতায় আনয়ন এবং বিদ্যমান IIG সমূহের ক্যাপাসিটি বৃদ্ধি চলমান রাখতে হবে।</p>	পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) এবং অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার
০৪	সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন।	<p>ক) ডিজিটাল পাঠ্যসূচীর কন্টেন্ট এনসিটিবি থেকে চূড়ান্ত অনুমোদন করিয়ে নিয়ে ল্যাপটপ/ ট্যাবে লোড করে প্রকল্পের অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরবরাহ করতে হবে।</p> <p>খ) প্রকল্পের ডিপিপি অনুযায়ী প্রতিটি স্কুলের ৩টি ক্লাসরুমে ইন্টারনেট সংযোগের পরিবর্তে সর্বশেষ এডিপি, SOF এবং ৭ম পিএসসি সভার সিদ্ধান্তের ভিত্তিতে প্রতিটি বিদ্যালয়ে ১টি ইন্টারনেট সংযোগ প্রদান করতে হবে। বিটিসিএলের “হাওড়-বাওড় ও প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য টেলিযোগাযোগ সুবিধা (ব্রডব্যান্ড ওয়াই-ফাই) সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প হতে সংযোগ গ্রহণের প্রচেষ্টা গ্রহণ করতে হবে।</p> <p>অনুবর্তীকালীন ব্যবস্থা হিসেবে টেলিটকের USB Modem এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ গ্রহণ করা যেতে পারে।</p> <p>গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত ৬৫০টি স্কুলের তালিকা SOF ব্যবস্থাপনা কমিটির চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে।</p>	পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব

০৫	ফেব্রুয়ারী/ ২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা	ক) জিপিএফ ও পেনশন সেবা সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় নিয়ে আসা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) বিটিসিএল ও অন্যান্য সংস্থায় প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পিআরএল মঞ্জুরী মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে যথাসময়ে সম্পন্ন করতে হবে। গ) সিএএলএফও অফিসে প্রক্রিয়াধীন পেনশন কেইসসমূহ নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঘ) অধিদপ্তরে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণের আইবাস সিস্টেমে বেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্ট জটিলতা নিরসণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঙ) সেবা গ্রহীতাগণের সেবা প্রাপ্তি সহজীকরণের জন্য হেল্পলাইন নম্বর এবং ই-মইল ঠিকানা চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) খ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন) গ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ) ঘ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ) ঙ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)
০৬	কোভিড-১৯ এর বিদ্যমান সংক্রমন পরিস্থিতি ও বিস্তার রোধে গৃহীতব্য কার্যক্রম	ক) বর্তমানে কোভিড-১৯ সংক্রমন পরিস্থিতি উন্নতির শ্রেণিতে শারিরিক উপস্থিতিসহ সকলকে দাপ্তরিক কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। খ) ডিওটিতে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণকে ০২ (দুই) ডোজ টিকা গ্রহণ পূর্বক টিকার সনদের কপি প্রশাসন অনুবিভাগে জমা দিতে হবে।	ক) ডিওটির সকল কর্মকর্তা/ কর্মচারী খ) ডিওটির সকল কর্মকর্তা/ কর্মচারী
০৭	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)	টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে।	উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)
০৮	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিসিয়াল লোগো ও দাপ্তরিক কাগজপত্রে অধিদপ্তরের কার্যক্রম সংশ্লিষ্ট নির্দিষ্ট স্লাগোন না থাকায় অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে একটি স্লোগান আহবান করে বাছাইয়ের মাধ্যমে একটি স্লোগান নির্বাচন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)
০৯	বিটিসিএলের টিটিসি'র ছাত্রাবাস ভবনের কক্ষ ভাড়া/ অধিদপ্তরের জন্য নিজস্ব জায়গার বন্দোবস্ত নেয়া।	ক) টিটিসি'র ছাত্রাবাস ভবনের উত্তর পার্শ্বস্থ ২য় ও ৩য় তলার ১৮ টি কক্ষ ডিওটির অনুকূলে বরাদ্দ দেওয়ায় চুক্তিনামা সম্পাদন করে উক্ত কক্ষসমূহ দ্রুত সংস্কার করে কর্মকর্তা- কর্মচারীদের ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী অফিসের জন্য বিটিসিএলের কড়াইল কম্পাউন্ডের ৫নং গেইট সংলগ্ন মসজিদের পাশের ০৫ (পাঁচ) বিঘা জায়গা টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ নেয়ার বিষয়ে তড়িৎ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ফ্রিকোয়েন্সি এলাকেশন)/ উপপরিচালক (প্রশাসন)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মশিউর রহমান


স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৫৮

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮

১৩ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭) অফিস কপি।



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক